



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ



আইন -১

www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৩৯.২১-১৩০৮

তারিখ: ২১ আশ্বিন ১৪২৮

০৬ অক্টোবর ২০২১

বিষয়: রিট পিটিশন নং ৩২০/২০২১ মোকদ্দমার আরজির আলোকে অন্তবর্তী আদেশ পালনসহ দফাওয়ারি  
জবাব প্রেরণ সংক্রান্ত।

সূত্র: হাইকোর্ট বিভাগ-এর রিট নং ৩২০/২০২১ এর ১৩/০১/২০২১ তারিখের রুল ও আরজির কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পাবনা জেলার সদর উপজেলার পাবনা পৌরসভা সাধারণ নির্বাচনে ০৫ নং সাধারণ আসনের কাউন্সিল প্রার্থী মো: শরিফুজ্জামান-এর দাখিলকৃত মনোনয়নপত্র রিটার্নিং অফিসার কর্তৃক বাতিলের বিষয়ে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়সহ ০৪ (চার) জনকে প্রতিপক্ষ করে এই রিটটি দায়ের করা হয়। বিজ্ঞ আদালত তর্কিত বিষয়ে ০৬ (ছয়) মাসের স্থগিতাদেশ দিয়েছেন। রিটের ৩নং প্রতিপক্ষ জেলা প্রশাসক, পাবনা।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ৩২০/২০২১ মোকদ্দমার আরজির আলোকে অন্তবর্তী আদেশ পালনসহ দফাওয়ারি জবাব (Statements of defence) এবং প্রাসঙ্গিক যাবতীয় কাগজপত্র সত্যায়িত করে দুই প্রস্ত জরুরিভিত্তিতে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি

৬-১০-২০২১

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব

ফোন: ৯৫৪০৯৯৫

জেলা প্রশাসক

জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা

ইমেইল: lgdlaw1@lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৩৯.২১-১৩০৮/১(৪)

তারিখ: ২১ আশ্বিন ১৪২৮

০৬ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, সিনিয়র সচিব/সচিবের দপ্তর, বাংলাদেশ নির্বাচন কমিশন
- ২) অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।
- ৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ।
- ৪) সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে আপলোডের জন্য)।

৬-১০-২০২১

মোঃ মহিউদ্দীন শামীম  
সহকারি সচিব